



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা  
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভিটামিন “এ প্লাস ক্যাম্পেইন” উপলক্ষে সংবাদ সম্মেলন আগামীকাল বৃহস্পতিবার

চট্টগ্রাম-৬ ফেব্রুয়ারি ২০১৯ ইং

আগামীকাল ৭ ফেব্রুয়ারি বৃহস্পতিবার সকাল ১১ টায় চসিক মেমন জেনারেল হাসপাতাল মিলনায়তনে (২য় তলা), সদরঘাট রোডস্থ আলকরণ মোড়ে জাতীয় ভিটামিন “এ প্লাস ক্যাম্পেইন” উদযাপন উপলক্ষে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। উক্ত সংবাদ সম্মেলনে সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

## ১০ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে চসিকের উদ্যোগে অমর একুশে বই মেলা

চট্টগ্রাম-৬ ফেব্রুয়ারি ২০১৯ ইং

ইতিহাস-ঐতিহ্য-দ্রোহ-বিপ্লবের তীর্থভূমি বীর চট্টগ্রামে জ্ঞান ও মননের আকাঙ্ক্ষা পূরণে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে চট্টগ্রাম সৃজনশীল প্রকাশক পরিষদের সহায়তায় ঢাকা ও চট্টগ্রামের সৃজনশীল প্রকাশকদের অংশগ্রহণে ১০ ফেব্রুয়ারি রবিবার থেকে নগরীর এম আজিজ স্টেডিয়াম জিমনেশিয়াম চত্বরে অমর একুশে বইমেলা-২০১৯ শুরু হতে যাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্যমন্ত্রী ড.হাসান মাহমুদ এমপি ওই দিন বিকেল ৩ টায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করবেন। এতে সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এ মেলা ১০ থেকে ২৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার পর্যন্ত চলবে। ইতোমধ্যে মেলার সার্বিক প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। মেলা প্রতিদিন বিকেল ৩ টা থেকে ৩ ছুটির দিন সকাল ১০ টা থেকে রাত ৯ টা পর্যন্ত সর্ব সাধারণের জন্য উন্মুক্ত থাকবে। প্রতিদিনই নতুন বইয়ের মোড়ক উন্মোচন ও নির্ধারিত স্থানে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। থাকবে সঙ্গীতানুষ্ঠান, রবীন্দ্র ও নজরুল উৎসব, বসন্ত বরণ উৎসব, ভালোবাসা দিবস উদযাপন, বিতর্ক-সাহিত্য-ইতিহাস-ঐতিহ্য ও মুক্তিযুদ্ধ বিষয়ক কুইজ প্রতিযোগিতা এবং রবীন্দ্র- নজরুল- লোক সংগীত, সাধারণ নৃত্য, লোক নৃত্য, আবৃত্তি, হামদ-নাত, উপস্থিত বক্তৃতা, দেশের গান, চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজন। এছাড়াও জাতীয় জীবনে যেসব ব্যক্তি কৃতিত্বপূর্ণ অবদান রেখেছেন তাদেরকে একুশে স্মারক সম্মাননা পদক ও সাহিত্য পুরস্কার প্রদান করা হবে। মেলায় সর্বস্তরের নাগরিক, সংস্কৃতিমনা ও বই অনুরাগী ব্যক্তিদের স্ববাক্য উপস্থিতি কামনা করছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন।

মেয়রকে স্মারকলিপি দিলেন জেলে বাকলিয়া থানা জেলে শ্রমিক ইউনিয়ন

চট্টগ্রাম-৬ ফেব্রুয়ারি ২০১৯ ইং

বাকলিয়া থানা মৎস্য শিকারী জেলে শ্রমিক ইউনিয়ন(রেজি নং-চট্ট-২৭৪২) এর নেতৃবৃন্দ আজ বুধবার বিকেলে চট্টগ্রাম নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন উদ্দীন বরাবরে সংগঠনের বিভিন্ন দাবী দাওয়া নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট প্রদত্ত একটি স্মারকলিপির অনুলিপি মেয়রকে প্রদান করেন। এতে তারা চাক্রাই কালুঘাট আউটার রিং রোড প্রকল্পে ক্ষতিগ্রস্ত জেলে পরিবারের ক্ষতিপূরণ সহ পুনর্বাসনসহ পুনর্বাসন ও রিং রোডে ক্ষেতচর এলাকায় জেলে শ্রমিকদের জন্য ঘাট নির্মাণ করা, নিরাপদ কর্মস্থলের নিশ্চয়তা পেতে বাকলিয়া থানা মৎস্য শিকারী জেলে শ্রমিক ইউনিয়নের সকল সদস্যদের বাংলাদেশ সরকারের অধীন চট্টগ্রাম জেলা মৎস্য দপ্তর কর্তৃক পরিচয় পত্র প্রদান, মৎস্য শিকারী জেলে শ্রমিকের ছেলে-মেয়েদের শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার বিষয় উল্লেখ করেন। মেয়র তাদের বক্তব্য শ্রবণ পূর্বক তাদের সমস্যা সমূহ যথাযথ দপ্তরে পৌঁছে দেয়ার আশ্বাস প্রদান করেন। মেয়র বলেন এ সরকার শ্রমবান্ধব সরকার। কারো রুজি রোজগারের পথরুদ্ধ করে এ সরকার কোন প্রকল্প বাস্তবায়ন করবে না। এই ব্যাপারে তিনি তাদেরকে পুনর্বাসনে সহায়তার আশ্বাস দেন। এসময় বাকলিয়া থানা মৎস্য শিকারী জেলে শ্রমিক ইউনিয়নের সভাপতি মো. ইদ্রিস মোল্লা, সাধারণ সম্পাদক আহমদ উল্লাহ(কালু), রাজনীতিক মো. ওমর আলী সর্দার, উজ্জল বিশ্বাস, মো. ইউছুফ, ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক মো. রুবেল, প্রচার সম্পাদক মো. জসিম, অর্থ সম্পাদক আব্দুল মাবুদ, দপ্তর সম্পাদক মো. নূর আলম সহ প্রমুখ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন